

দিল্লির মেলায় সুবাস ছড়াচ্ছে নদিয়ার ল্যাংড়া

নিজস্ব সংবাদদাতা

কৃষ্ণনগর ২০ জুন, ২০১৬



‘দিল্লি চলো’—ডাক দেওয়া হয়েছিল বছর কয়েক আগেই। কিন্তু, দিল্লি যাত্রায় এতদিন সামিল হতে পারেনি নদিয়া। এ বার আর সেই সুযোগ হাতছাড়া করতে চায়নি জেলা প্রশাসন। আম-সহ অন্যান্য চাষে নাম থাকলেও দিল্লির আম মেলায় নদিয়ার আম চেখে দেখার কোনও সুযোগ ছিল না। এ বার নদিয়ার হিমসাগর, ল্যাংড়া এবং আঙ্গপালি দিল্লির মেলায় শোভা পাচ্ছে। আমের সঙ্গী হয়েছে, কৃষ্ণনগরের মাটির পুতুল, ফুলিয়ার তাঁতের কাপড়।

নদিয়ার জেলাশাসক বিজয় ভারতী জানিয়েছেন, গত চার বছর ধরে দিল্লিতে রাজ্যের পক্ষ থেকে ‘দিল্লি আম মেলা’ হচ্ছে। এতদিন সেই মেলায় এই জেলা যোগ দেয়নি। এ বারেই প্রথম নদিয়া থেকে আম চাষিকে পাঠানো হচ্ছে। এই জেলাতেও যে উন্নত মানের

আম চাষ হয়, সেটাই তুলে ধরতে দিল্লি আমের মেলায় নদিয়ার জন্য একটি স্টলের ব্যবস্থা করা হয়েছে। তা ছাড়াও নদিয়ার কৃষ্ণনগরের মাটির পুতুল এবং শান্তিপুরের ফুলিয়ার তাঁতকে তুলে ধরতে দিল্লি মেলাতে স্টলের ব্যবস্থা করা হয়েছে।”

১৬ জুন শুরু হয়েছে আম মেলা। চলবে ৩০ তারিখ পর্যন্ত। ১৪ জুন শান্তিপুরের এক আম চাষি-সহ অন্যান্যরা দিল্লি গিয়েছেন।

শান্তিপুর শ্যামনগরের আম চাষি গৌতম ভৌমিক জানান, তাঁর ৫ একরের আম বাগান রয়েছে। সেখানে উন্নত মানের হিমসাগর, আঙ্গপালি, ল্যাংড়া ফলো দু’টন আম দিল্লির মেলাতে নিয়ে যাওয়ার অনুমতি পাওয়া গিয়েছে।

গৌতমবাবুর দাবি, এর আগে কলকাতা এবং রাজ্যের অন্যান্য এলাকার বিভিন্ন মেলায় তাঁর বাগানের আম প্রচুর প্রশংসা কুড়িয়েছে। তবে রাজ্যের বাইরে আম নিয়ে এই প্রথম যাওয়া। তিনি জানিয়েছেন, প্রথম দফায় এক টন আম দিল্লিতে পৌঁছে গিয়েছে। আরও এক দিনের মধ্যে আরও আম পৌঁছবে।

কৃষ্ণনগরের ঘুর্নির মাটির পুতুলের শিল্পী ইতিরানি পাল এ বারে দিল্লি আমের

মেলায় যাওয়ার সুযোগ পেয়েছেন। গৌতমবাবুর মতো ইতিরানিও এর আগে রাজ্যের অন্যান্য এলাকায় বিভিন্ন সরকারি মেলায় গেলেও, মাটির পুতুল নিয়ে রাজ্যের বাইরে এই প্রথম গেলেন। অন্য দিকে, শান্তিপুরের ফুলিয়ার একটি স্বনির্ভর গোষ্ঠীর জন্যও দিল্লি আমের মেলায় একটি স্টলের ব্যবস্থা করা হয়েছে। ওই স্বনির্ভর গোষ্ঠীর সভানেত্রী সবিতা দাস জানিয়েছেন, এর আগেও তাঁরা তিন-চার বার দিল্লির ট্রেড ফেয়ারে তাঁত বস্ত্রের সম্ভার নিয়ে গিয়েছেন। এ বারেও আমের মেলায় তাঁত বস্ত্র নিয়ে মানুষের যথেষ্ট আগ্রহ রয়েছে। শাড়ি চুড়িদার থেকে শুরু করে অন্যান্য পোশাক সামগ্রী ভালই বিক্রি হচ্ছে।